

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
পরিকল্পনা শাখা

গত ২৫.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ মোশাররফ হোসেন ডুইয়া এনডিসি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

তারিখ : ২৫.০২.২০১৮ খ্রিঃ

সময় : বেলা ০২:০০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	নাম	পদবী	দপ্তর
০১।	জনাব এসএম আশফাক হসেন	সদস্য (বোর্ড প্রশাসন)	জাতীয় রাজস্ব বোর্ড
০২।	জনাব ফিরোজ শাহ আলম	কর্মসূচি পরিচালক	এসআইকুডা ওয়ার্ল্ড, জাতীয় রাজস্ব বোর্ড
০৩।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক	প্রকল্প পরিচালক	জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প
০৪।	জনাব এ এফ এম শাহরিয়ার মোল্লা	প্রকল্প পরিচালক	বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প
০৫।	জনাব মোঃ রেজাউল হাসান	প্রকল্প পরিচালক	ভ্যাট অনলাইন প্রকল্প
০৬।	জনাব মীর মুস্তাক আলী	সদস্য (কর প্রশাসন)	জাতীয় রাজস্ব বোর্ড
০৭।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী	যুগ্ম-সচিব (পরিকল্পনা)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৮।	জনাব মোঃ মোস্তবা আলী	মহাপরিচালক	কাস্টম, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি
০৯।	জনাব মোঃ বজলুল কবির ভূঞা	মহাপরিচালক	বিসিএস (কর) একাডেমি
১০।	জনাব মোঃ নুরুজ্জামান খান	অতিরিক্ত কর কমিশনার	কর অঞ্চল-২, চট্টগ্রাম
১১।	জনাব তাজকেরা খাতুন	পরিচালক	আইএমইডি
১২।	জনাব মোঃ সেলিম রেজা	প্রথম সচিব (কর)	জাতীয় রাজস্ব বোর্ড
১৩।	জনাব নন্দিতা রানী সাহা	নির্বাহী প্রকৌশলী	মনিটরিং বিভাগ, গণপূর্ত অধিদপ্তর
১৪।	জনাব মোঃ আব্দুল আখের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র অনুসারে বিগত ২৭.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার অনুমোদিত এবং বিতরণকৃত কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীর বিষয়ে মহাপরিচালক, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রাম আপত্তি উপস্থাপন করে বলেন যে, বিগত সভায় উক্ত একাডেমি'র উন্নয়নে প্রকল্প গ্রহণের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হলেও এক মাসের মধ্যে ডিপিপি প্রেরণ করতে হবে বলে নির্ধারিত হয়নি। এ বিষয়ে যুগ্ম-সচিব (পরিকল্পনা) বলেন যে, প্রকল্পের ডিপিপি প্রেরণের সময়সীমা নির্দিষ্টকরণের লক্ষ্যে কার্যবিবরণীতে ১ (এক) মাস সময় উল্লেখ করা হয়েছিলো; যদিও মহাপরিচালক ২ (দুই) মাসেও প্রকল্পের ডিপিপি প্রেরণ করেননি। সভাপতি আলোচনায় অংশ নিয়ে বলেন যে, কাস্টম, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমির জন্য দুইটি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা সমীচীন হবে। এর একটি প্রশিক্ষণ ও গবেষণার ওপর এবং অপরটি ভৌত অবকাঠামো উন্নয়নের ওপর। প্রথমোক্ত প্রকল্পটির জন্য প্রয়োজনে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের একই প্রকৃতির চলমান একটি প্রকল্পের ধারণার সহায়তা নেয়ার পরামর্শ দেন। সভাপতি মহোদয় পরবর্তি ২ (দুই) মাসের মধ্যে প্রকল্প দুটি'র ডিপিপি প্রেরণের জন্য মহাপরিচালককে নির্দেশনা প্রদান করেন। অতঃপর আর কারো কোনো আপত্তি না থাকায় বিগত ২৭.১২.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

৩.১ অতঃপর সভায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপি'তে এ বিভাগের আওতায় এনবিআর কর্তৃক বাস্তবায়নধীন মোট ৫টি উন্নয়ন প্রকল্পের জানুয়ারি, ২০১৮ পর্যন্ত নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়ঃ

(অংকসমূহ কোটি টাকায়)

মোট বরাদ্দ			মোট অবমুক্ত			মোট ব্যয়			অগ্রগতির হার	
মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	২০১৭-১৮	২০১৬-১৭
১৯৫.৫২	৬৫.৮০	১২৯.৭২	৯৪.৪১	২৯.৫৫	৬৪.৮৬	১৭.০৬	৫.৭৯	১১.২৭	৮.৭২%	৩৪.৫৫%

৩.২ সভার শুরুতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এডিপি অগ্রগতি এক নজরে উপস্থাপন করা হলে সভাপতি বলেন যে, জাতীয় পর্যায়ে বর্তমান অর্থ বছরের ৭ (সাত) মাসে সার্বিক এডিপি ব্যবহার ৩৩.৩৫% হলেও আইআরডি মাত্র ৮.৭২% অর্থ ব্যবহার করেছে। এটি অত্যন্ত হতাশা ব্যঞ্জক। সভাপতি এডিপি বাস্তবায়নের এ নিম্ন হারের কারণ জানতে চাইলে সভায় জানানো হয় যে, মূলত 'ভ্যাট অনলাইন প্রকল্পে' বরাদ্দকৃত অর্থ ব্যবহার করতে না পারার কারণে এ অবস্থা হয়েছে। সভায় আরো জানানো হয় যে, এ বিভাগের এডিপি বরাদ্দের সিংহভাগই ভ্যাট অনলাইন প্রকল্পের অনুকূলে হওয়ায় সার্বিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি উক্ত প্রকল্পের পারফরমেন্স-এর ওপর নির্ভর করে। আইআরডি'র মোট এডিপি বরাদ্দের প্রায় ৮২% (১৬০.২৩ কোটি) টাকা 'ভ্যাট অনলাইন প্রকল্পের' অনুকূলে বরাদ্দ রয়েছে। কিন্তু উক্ত প্রকল্পে মাত্র ৭.৩৩ কোটি টাকা ব্যবহার করা হয়েছে যা মোট বরাদ্দের ৪.৫৭%। সভাপতি প্রকল্পের বাস্তবায়নে কোনো সমস্যা রয়েছে কি না জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে,

প্রকল্পের আরডিপিপি-২ অনুমোদিত না হওয়ায় প্রকল্পের অনেক আইটেমে পরিকল্পিত অর্থ ব্যবহার করা যায়নি। তবে যেহেতু অতিসম্প্রতি আরডিপিপি-২ একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে এখন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত হবে। এ বিষয়ে সভাপতি পরামর্শ দিয়ে বলেন যে, অর্থবছরের অবশিষ্ট সময়ে যাতে বরাদ্দের সম্পূর্ণ অর্থ যথাযথভাবে ব্যবহার সম্ভব হয় সে লক্ষ্যে প্রকল্প পরিচালক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক প্রকল্প বাস্তবায়ন করবেন।

- ৩.৩ বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের 'ইনসেশন ওয়ার্কশপ' অনুষ্ঠিত না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করে বলেন যে, প্রকল্পটি জুন, ২০১৭ মাসে অনুমোদিত হলেও এখনও বাস্তবায়ন শুরু করতে না পারা খুবই দুঃখজনক। বিগত কয়েকটি সভায় প্রকল্প পরিচালকের উপস্থিতিতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পরও কেনো তা বাস্তবায়ন করা গেলোনা সে বিষয়ে জানতে চাওয়া হলে দেখা যায় যে, প্রকল্প পরিচালক কিংবা প্রকল্প দপ্তরের কেউই সভায় উপস্থিত নেই। সভায় সিনিয়র সহকারী প্রধান জানান যে, ফেব্রুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে অর্থ বিভাগ হতে অর্থ অবমুক্তির সম্মতি পাওয়া যাওয়ায় প্রকল্পের সার্বিক বাস্তবায়ন বিলম্ব হয়েছে। তবে, অর্থ অবমুক্তির বিলম্বের কারণে প্রকল্পের প্রাথমিক কার্যাদি আরম্ভে বিলম্ব হওয়ার কোনো কারণ নেই। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন যে, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ একটি অতিগুরুত্বপূর্ণ প্রকল্প হওয়া সত্ত্বেও প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকায় প্রকল্পে কোনো অগ্রগতি হচ্ছে না। তিনি মার্চ ২০১৮ মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে 'ইনসেশন ওয়ার্কশপ' আয়োজনের নির্দেশনা দিয়ে বলেন যে, আলোচ্য প্রকল্পে যথাশিঘ্র সম্ভব একজন পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের ব্যবস্থা নিতে হবে।
- ৩.৪ 'ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন' শীর্ষক প্রকল্পের বিষয়ে সিনিয়র সহকারী প্রধান বলেন যে, আলোচ্য প্রকল্পটি সম্প্রতি একনেক কর্তৃক অনুমোদিত হওয়ার পরিপ্রেক্ষিতে আইআরডি হতে প্রশাসনিক অনুমোদন জারি করা হয়েছে। কিন্তু এনবিআর হতে প্রকল্পের বাস্তবায়ন ইউনিট গঠন না করায় প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা যাচ্ছেনা। আর এ কারণে আরডিপিপি'তে প্রকল্পের অনুকূলে প্রস্তাবিত ৪০.০০ (চল্লিশ) কোটি টাকা অর্থবছরের অবশিষ্ট ৪ (চার) মাসে ব্যবহার করা অনিশ্চিত হয়ে পড়েছে। এ পর্যায়ে সভাপতি মহোদয় নির্দেশনা দিয়ে বলেন যে, 'ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো বাস্তবায়ন' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কাজ আরম্ভ করার জন্য যতো শিঘ্র সম্ভব 'পিআইইউ' গঠনের পূর্ণাঙ্গ প্রস্তাব আইআরডি'তে প্রেরণ করতে হবে।
- ৩.৫ 'জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্পের' আরডিপিপি'র সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের সংশোধিত ডিপিপি গত ০৪.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় শর্তসাপেক্ষে অনুমোদিত হওয়ার পরিপ্রেক্ষিতে আইআরডি, এনবিআর, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধিগণের সমন্বয়ে একটি সাব-কমিটি কাজ করছে। এ কমিটি মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার আলোকে প্রকল্পের ব্যয় যৌক্তিককরণের লক্ষ্যে অতিআবশ্যিকীয় নয় এমন কী কী আইটেম বাদ দেয়া যায় সে বিষয়ে সুপারিশ করবে। এ কমিটির সুপারিশ পেলেই প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় তা উপস্থাপনপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। যুগ্ম-সচিব (পরিকল্পনা) বলেন যে, আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ মাসেই অবসরে যাবেন। ফলে, প্রকল্পের নৈমিত্তিক কার্যাদি চলমান রাখা এবং অগ্রগতির প্রতিবেদনসমূহ প্রেরণের জন্য নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগের পূর্ব পর্যন্ত সাময়িকভাবে প্রকল্পের সমন্বয়ককে অস্থায়ী প্রকল্প পরিচালকের দায়িত্ব দেয়া সমীচীন হবে। সভায় এ প্রস্তাব সমর্থন করা হয়।
- ৩.৬ 'স্ট্রেন্গদেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রজেক্ট' এর উপ-প্রকল্প পরিচালক বলেন যে, বিগত ২৪.০১.২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে প্রকল্পের বাস্তবায়ন কাল ১ (এক) বছর বৃদ্ধি করা হয়েছে। একই সাথে প্রকল্পের ফলাফল জনগণের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রচার ও অন্যান্য কয়েকটি খাতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি'র ওপর গত ১১.০২.২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়েছে। অন্যদিকে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ অব্যাহত রয়েছে এবং বর্তমান মাস পর্যন্ত ৩৪% অগ্রগতি হয়েছে যা জাতীয় গড় অগ্রগতির চেয়েও অধিক। সভায় 'স্ট্রেন্গদেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রজেক্ট' সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি'র দ্রুত অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ দেয়া হয়।
- ৩.৭ বিসিএস (শুল্ক ও ভ্যাট) একাডেমি এবং বিসিএস (কর) একাডেমিতে চলমান ও অনুষ্ঠেয় সকল প্রশিক্ষণ কোর্সে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়টি অন্তর্ভুক্তির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় জানানো হয় যে, বিগত সভাসমূহের সিদ্ধান্তের আলোকে নিয়মিত প্রশিক্ষণসমূহে এ বিষয়টি অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেয়া হয়েছে। সভাপতি মহোদয় একাডেমি দু'টিতে চলমান কোর্সসমূহে প্রকল্প ব্যবস্থাপনা'কে অন্তর্ভুক্তির পাশাপাশি কর্মকর্তাগণকে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে প্রশিক্ষণে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন যে, এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (বোর্ড প্রশাসন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩.৮ সভায় বর্তমান ২০১৭-১৮ অর্থবছরের এডিপি'তে অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের নিম্নরূপ অগ্রগতি তুলে ধরা হয়ঃ

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপির অবস্থান
০১।	খুলনা কর ভবন নির্মাণ প্রকল্প	গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপি অবস্থান
০২।	জামালপুর কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি।
০৩।	টাঙ্গাইল কাস্টম এক্সাইজ ও ভ্যাট এর বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ডিপিপি প্রণীত হয়নি।
০৪।	চট্টগ্রাম কর ভবন নির্মাণ প্রকল্প	প্রকল্পের ওপর গত ০২.০৩.২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৫।	মংলা কাস্টম হাউজ নির্মাণ প্রকল্প	প্রকল্পের ডিপিপি'র ওপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। ফিজিবিলাটি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে।
০৬।	সাতক্ষীরা কাস্টমস ভবন ও ভোমরা এলসি স্টেশন নির্মাণ প্রকল্প	প্রকল্পের ওপর ২৫.০২.২০১৮ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৭।	যশোর কমিশনারেট এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্পের ওপর গত ০১.০২.২০১৮ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৮।	বরিশাল কর ভবন নির্মাণ প্রকল্প	প্রকল্পের ওপর গত ১৯.১১.২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি অনুমোদনের জন্য সুপারিশ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
০৯।	রংপুর কাস্টমস কমিশনারেট ভবন নির্মাণ প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।
১০।	সাভার ও ধামরাই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	গত ১৭.০৯.২০১৭ তারিখে প্রকল্পের ওপর যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়ার পর পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।
১১।	মানিকগঞ্জ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	প্রকল্প যাচাই কমিটির সিদ্ধান্তের আলোকে প্রাপ্ত পুনর্গঠিত ডিপিপি পরবর্তি ব্যবস্থা গ্রহণের জন্য ২৫.০২.২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
১২।	জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্প	খসড়া ডিপিপি পাওয়া গিয়েছে। পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।

৩.৯ ২০১৭-১৮ সালের এডিপি'তে নেই কিন্তু গুরুত্বপূর্ণ বিবেচনায় অনুমোদনের প্রক্রিয়াধীন এমন অননুমোদিত প্রকল্পসমূহের প্রক্রিয়াকরণের অগ্রগতি নিম্নরূপঃ

ক্রঃ নং	প্রকল্পের নাম	সর্বশেষ অগ্রগতি
০১।	৯টি কস্টেইনার স্ক্যানার সংগ্রহ প্রকল্প	পিডিপিপি অনুমোদিত। অর্থায়ন নিশ্চিত হয়েছে। এনবিআর ডিপিপি প্রস্তুত করছে।
০২।	রংপুর কর ভবন নির্মাণ প্রকল্প	ডিপিপি'র ওপর আইআরডি'তে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি পাওয়া যায়নি।
০৩।	মংলা কাস্টম হাউজের ফিজিবিলাটি প্রকল্প	বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) এর সভায় প্রকল্পটি সুপারিশ করা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীর জন্য সার-সংক্ষেপ উপস্থাপন করা হয়েছে।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১ কাস্টম, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমির জন্য দুইটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। এর একটি প্রশিক্ষণ ও গবেষণার ওপর এবং অপরটি ভৌত অবকাঠামো উন্নয়নের ওপর। প্রথমোক্ত প্রকল্পটির জন্য প্রয়োজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের একই প্রকৃতির চলমান একটি প্রকল্পের ধারণার সহায়তা নেয়া যেতে পারে। পরবর্তি ২ (দুই) মাসের মধ্যে প্রকল্প দুটির ডিপিপি আইআরডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;



- ৪.২ অর্থবছরের অবশিষ্ট সময়ে যাতে বরাদ্দের সম্পূর্ণ অর্থ যথাযথভাবে ব্যবহার সম্ভব হয় সে লক্ষ্যে ভ্যাট অনলাইন প্রকল্পের প্রকল্প পরিচালক সমন্বয়ক কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন;
- ৪.২ 'বন্দ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ' শীর্ষক প্রকল্পের 'ইনসেপশন ওয়ার্কশপ' মার্চ ২০১৮ মাসের দ্বিতীয় সপ্তাহে আয়োজন করা হবে। ওয়ার্কশপে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট দপ্তর/ কর্মকর্তাগণসহ সকল স্টেইকহোল্ডারকে আমন্ত্রণ জানাতে হবে। দ্রুততম সময়ে একজন পূর্ণকালীণ প্রকল্প পরিচালক নিয়োগের ব্যবস্থা করতে হবে;
- ৪.৩ জাতীয় রাজস্ব বোর্ড দ্রুততম সময়ে 'ন্যাশনাল সিঙ্গেল টাইডে বাস্তবায়ন' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগসহ বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) গঠনের প্রস্তাব আইআরডি'তে প্রেরণ করবে;
- ৪.৪ প্রকল্পের নৈমিত্তিক কার্যাদি চলমান রাখা এবং অগ্রগতির প্রতিবেদনসমূহ প্রেরণের জন্য নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগের পূর্ব পর্যন্ত সাময়িকভাবে 'জাতীয় রাজস্ব ভবন নির্মাণ' প্রকল্পের সমন্বয়ককে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে অস্থায়ী প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করতে হবে;
- ৪.৫ স্ট্রেন্‌দেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) ডিপিপি'র দ্রুত অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে প্রকল্প পরিচালক সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন; এবং
- ৪.৬ কাস্টম, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি এবং বিসিএস (কর) একাডেমি দু'টিতে চলমান কোর্সসমূহে প্রকল্প ব্যবস্থাপনা'কে বিষয় হিসেবে অন্তর্ভুক্তির পাশাপাশি কর্মকর্তাগণকে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।
- ৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ = ১৩.০৩.২০১৮
(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি)
সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০১০.১৪(অংশ-১).৭০


তারিখঃ ১৯.০৩.২০১৮ খৃঃ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। সচিব, আর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃআঃ জনাব শাহিন ইসলাম, যুগ্ম-সচিব)।
০৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃআঃ জনাব কানিজ মওলা, উপ-পরিচালক)।
০৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (দৃঃআঃ জনাব নন্দিতা রানী সাহা, নির্বাহী প্রকৌশলী)।
০৫। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃআঃ জনাব সরোওয়ার আলম, উপ-প্রধান)।
০৬। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃআঃ জনাব বোরহানুল হক, উপ-প্রধান)।
০৭। প্রধান, কার্যক্রমবিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃআঃ ডপ্টর নুরুননাহার, উপ-প্রধান)।
০৮। সদস্য (বোর্ডপ্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। সদস্য (শুল্ক আধুনিকায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, এসজিএমপি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, বন্দ ব্যবস্থা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। কমিশনার, মংলা কাস্টমস হাউজ, খালিশপুর, খুলনা।
১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, যশোর/খুলনা/রংপুর/ঢাকা (পশ্চিম)।
১৬। কর কমিশনার, কর অঞ্চল বরিশাল/খুলনা/চট্টগ্রাম-১
১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

অনুলিপি

- ০১। যুগ্ম-সচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
০২। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।


মোঃ আব্দুল আখের
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৪০৫২৭